মার্কেন্টাইল ব্যাংক পিএলসি
মহাখালী শাখা, ঢাকা ।

অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ১২(৩) ধারার বিধান মোতাবেক

বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, মহাখালী শাখা, গ্রিন ডেল্টা এইমস টাওয়ার ৫১-৫২, মহাখালী বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১২ এর ঋণ গ্রহীতা গ্লোবাল নিটওয়্যার লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মহিউদ্দিন আলমগীর, পিতা: মোঃ ওসমান গনি, মাতা: মিসেস সালেহা বেগম, ঠিকানা: ভুঁইয়া টাওয়ার, প্লট নং-১০, গাজীরচট, জামগড়া, আশুলিয়া, সাভার, ঢাকা এর নিকট ৩০/০৬/২০২৬ ইং তারিখ পর্যন্ত সুদ আসল ও অন্যান্য খরচসহ অত্র ব্যাংকের মোট পাওনা টাকা ১১১,৫৩,০৭,৬৩৬.৯২ টাকা (কথায়: একশত এগারো কোটি তিপ্পান্ন লাখ সাত হাজার ছয়শত ছত্রিশ টাকা বিরানব্বই পয়সা) মাত্র এবং আদায় কালতক সুদ ও অন্যান্য পাওনা আদায়ের নিমিত্তে ঋণের বিপরীতে বন্ধকদাতা জনাব মহিউদ্দিন আলমগীর, পিতা: মোঃ ওসমান গনি, মাতা: মিসেস সালেহা বেগম, ঠিকানা: ভুঁইয়া টাওয়ার, প্লট নং-১০, গাজীরচট, জামগড়া, আশুলিয়া, সাভার, ঢাকা, কর্তৃক অত্র ব্যাংকের অনুকূলে বন্ধকীকৃত ও আম-মোক্তারনামা দলিলবলে বিক্রয়ের ক্ষমতা প্রাপ্ত নিম্ন তফসিল বর্নিত জমি বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী নিলাম ক্রেতাদের নিকট হতে নিম্ন বর্ণিত শর্তাধীনে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

নিলামের শর্তাবলী ঃ

১. আগ্রহী দরদাতাগণকে তাঁর বা তাঁদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে আগামী ২৯.১১.২০২৬ ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, প্রস্তাবিত দর অংকে ও কথায় লিখিয়া দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর 'সম্পত্তি ক্রয়ের দরপত্র' লিখিয়া অত্র শাখায় রক্ষিত বাক্সে দরপত্র জমা দিতে হবে এবং রেজিষ্ট্রিকৃত ডাকে প্রেরিত দরপত্র উক্ত তারিখে নির্দিষ্ট সময়ের মধ্যে পৌছাতে হবে। ঐ দিনই বিকাল ৩:৩০ ঘটিকায় ব্যাংক কর্তৃপক্ষ উপস্থিত দরপত্রদাতা বা তাঁদের প্রতিনিধির সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খুলবেন। দরপত্রে দরপত্রদাতার নাম, পিতা/মাতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন নং বা কোম্পানী/ফার্মের ক্ষেত্রে তার নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা উল্লেখ করতে হবে। নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

২. প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব দশ লক্ষ টাকা হলে উহার ২০%, উদ্ধৃত দর দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর পঞ্চাশ লক্ষ টাকা অপেক্ষা অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ যে কোন তফশিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, মহাখালী শাখা, ঢাকা -এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে। পৃথক পৃথক তফসিলের জন্য পৃথক পৃথক ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করা যাবে ।

৩. অনূর্ধ্ব দশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং পঞ্চাশ লক্ষ টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০(নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানত বাজেয়াপ্ত করতে পারবে।

৪. উপরোক্ত অনুচ্ছেদ-৩ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং ২য় সর্বোচ্চ দরদাতার উদ্ধৃত মূল্য একত্রে সর্বোচ্চ দরদাতার উদ্ধৃত মূল্য অপেক্ষা কম না হলে কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি খরিদ করতে আহ্বান করতে পারবেন। ২য় সর্বোচ্চ দরদাতাকে অনুচ্ছেদ-৩ এ বর্ণিত সময়ের মধ্যে উদ্ধৃত দরের সমুদয় অর্থ পরিশোধ করতে হইবে অন্যথায় ব্যাংক ২য় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত করতে পারবে।

৫. আগ্রহী দরদাতাগণ দরপত্র প্রদানের পূর্বে সংশ্লিষ্ট শাখায় রক্ষিত তফসিল বর্ণিত সম্পত্তির মালিকানা সংক্রান্ত দলিলাদি যাচাই বাছাই করিতে পারবেন। দরপত্র দাখিলের পর মালিকানা বিষয়ক কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৬. মার্কেন্টাইল ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোনো দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করেন। পৃথক পৃথক তফসিলের জন্য পৃথক পৃথক দরপত্র দাখিল করা যাবে।

৭. কৃতকার্য দরদাতাকে সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচসহ ট্যাক্স ও অন্যান্য খরচাদি (সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার পাওনা) বহন করতে হবে।

৮. দরপত্র জমা দেয়ার পরে বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, আকৃতি, প্রকৃতি, অবস্থান ও স্বত্বের দলিলপত্র সম্পর্কে দরদাতার কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৯. সফল দরদাতাকে অর্থ ঋণ আদালত আইন- ২০০৩ এবং পরবর্তী সংশোধনী ২০০৪ মোতাবেক দখল প্রদান বা বুঝাইয়া দেওয়া হইবে।

১০. প্রয়োজনে নিলাম ক্রেতার অনুকূলে দখল হস্তান্তরের জন্য স্থানীয় অধিক্ষেত্রের জেলা ম্যাজিস্ট্রেটের মাধ্যমে আইনানুগ সহযোগিতা প্রদান করা হইবে। দখল সংক্রান্ত যাবতীয় খরচ নিলাম ক্রেতাকেই বহন করিতে হইবে।

বন্ধকীকৃত সম্পত্তির তফসিল ঃ

তফসিল-'ক'

জেলা: ঢাকা, থানা: সাবেক কাফরুল, হাল-ক্যান্টনমেন্ট, সাবরেজিষ্ট্রি অফিস: গুলশান, মৌজা-জোয়ার সাহারা, জে.এল. নং-সি.এস.-২৭১, এস.এ.-১১০, আর.এস.-০৬, ঢাকা সিটি জরিপ-০৩, খতিয়ান নং-সি.এস.-৪১০, এস.এ.-৮৫৭, আর.এস.-১৫৩৬, ঢাকা সিটি জরিপ-১৫১১৮, নামজারি খতিয়ান নং-২৭০৯২, জোত নং-৪৯/১৪১, দাগ নং-সি.এস. ও এস.এ.-৫৮৪, আর.এস.-৯৫৩, ঢাকা সিটি জরিপ-৪২৩৩১ এর অন্তর্ভুক্ত মোট ৩.৬০ (তিন দশমিক ছয় শূন্য) শতাংশ জমি।

তফসিল-'খ'

জেলা: গাজীপুর, থানা: গাজীপুর সদর, সাবরেজিষ্ট্রি অফিস: সেকেন্ড জয়েন্ট, গাজীপুর, মৌজা: দক্ষিণ পানিশাইল, জে.এল. নং সাবেক-৫২১, হাল-৩৬, খতিয়ান নং এস.এ. ৪১, আর.এস. ১৫৩, নামজারি খতিয়ান নং-৫৮০, জোত নং-২৭৯০, দাগ নং সি.এস. ও এস.এ. ২৮, আর.এস. ৪৩ এর অন্তর্ভুক্ত মোট ১৬.৫০ (ষোল দশমিক পাঁচ শূন্য) শতাংশ জমি।

তফসিল-'গ'

জেলা: ময়মনসিংহ, থানা এবং সাব-রেজিস্ট্রি অফিস: ত্রিশাল, মৌজা: গুজিয়াম, জে.এল. নং এস.এ. ১১২, আর.এস. ৮৫, খতিয়ান নং এস.এ. ৫৭৬, আর.এস. ১০৩১ ও ১১০৯, নামজারি খতিয়ান নং-১৯৬১, জোত নং-২০২১, দাগ নং সি.এস. ও এস.এ. ১৬২৪, ১৬২৫ ও ১৬২৬, আর.এস. ২৫৭০, ২৫৭১ ও ২৫৭৬ এর অন্তর্ভুক্ত মোট ৬২.৫০ (বাষট্টি দশমিক পাঁচ শূন্য) শতাংশ জমি।

পক্ষে: এস.ই.ভি.পি এবং শাখা প্রধান, মার্কেন্টাইল ব্যাংক পি.এল.সি., মহাখালী শাখা, ঢাকা।
ফোন ঃ ০২২২২২৯১৫২০, ০২২২২২৬০০৯৪, ০২২২২২৮৮৩৪৬, এক্স: ১০৩ ও ১০১